জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ১৲০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ।০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিজয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

লোহার

## কড়ি, বরগা,

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, বল্ট, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্র্যাণ্ড রোড কলিকাতা

বড়বাজার।

২০শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১০ই মাঘ বুধবার ১৩৪০ ইংরাজী 24th January 1934 | ৩৩শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৩৯ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এল, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস-এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲ ; ৩টী একত্রে ৫৷৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা






সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১০ই মাঘ বুধবার সন ১৩৪০ সাল।

## মুর্শিদাবাদ জেলায় অর্থকষ্ট।

### ম্যাজিষ্ট্রেটের নিকট আবেদন।

মুর্শিদাবাদ জেলায় দারুণ অর্থকষ্ট উপস্থিত হইয়াছে। সদর মহকুমার কয়েকটী মহালের প্রজারা সম্প্রতি দল বাঁধিয়া জেলা ম্যাজিষ্ট্রেটের কুঠিতে যাইয়া তাঁহাকে জানাইয়াছে—এবার জমী হইতে যে ফসল হইয়াছে, তাহাতে তাহাদের অভাব পূর্ণ হইবে না। তাহাদের আর্থিক অবস্থার উন্নতির কোন লক্ষণ দেখা যায় না—গত কয়েক বৎসর ধরিয়া তাহারা দারুণ দুর্দ্দশা ভোগ করিতেছে।

---

## ঘুড়ি উড়াইতে বিপদ।

### বিজলীর তারে মানুষের মৃত্যু।

গত ৭ই জানুয়ারী এলাহাবাদে এক ভদ্রলোক সূতার পরিবর্ত্তে সরু তার দিয়া ঘুড়ি উড়াইতেছিল। ঐ তারের সহিত উপরে ইলেকট্রিকের তার ঠেকিয়া যাওয়ায় লোকটি তৎক্ষণাৎ পড়িয়া মারা গিয়াছে। তাহার সঙ্গের ৪টি লোকও আঘাত প্রাপ্ত হইয়াছে।

---

## মাতার উদরে মৃত শিশু।

ত্রিপুরা আগরতলা পদ্মমোহন দেবের পত্নী গত ২ বৎসর কাল পেটের যন্ত্রণায় ভুগিতেছিলেন। সম্প্রতি রায়পুরা জেনারেল হাসপাতালে তাঁহার উপর অস্ত্রোপচার করিয়া তাঁহার উদরের মধ্য হইতে একটী ১১ মাসের মৃত শিশু বাহির করা হইয়াছে। শিশু মৃত অবস্থায় বহুদিন পেটের মধ্যে ছিল।

---

## বেকারের আত্মহত্যা।

ফরিদপুর জেলার সজাইলে জব্বর মিয়া নামক ৩০ বৎসর বয়স্ক এক ভদ্রলোক নিজ পরিবারবর্গের অন্ন সংস্থানে অসমর্থ হইয়া গত ১লা জানুয়ারী আত্মহত্যা করিয়াছে।

---

## মুক্তি দান।

বিহার গভর্ণমেণ্ট ভূমিকম্পের জন্য বহু রাজনীতিক বন্দীকে দণ্ডকাল পূর্ণ হইবার পুর্ব্বেই মুক্তি দিয়াছেন। কারণ কারাগার ভাঙ্গিয়া গিয়াছে—স্থানাভাব। যাঁহারা সত্য সত্যই রাজনীতিক কারণে কারাবরণ করিয়াছিলেন, তাঁহারা যে দেশের এই দুর্দ্দিনে বিপন্ন দেশবাসীর সম্বন্ধে তাঁহাদিগের কর্ত্তব্য ভুলিবেন না, পরন্তু সেবাকার্য্যে সাগ্রহে আত্মনিয়োগ করিবেন, এ বিষয়ে আমাদিগের সন্দেহ নাই।

---

## হজযাত্রীদের প্রতি নিবেদন।

১৯৩৩ খৃষ্টাব্দের ৬ই নভেম্বর ভারত গভর্ণমেণ্ট এক ইস্তাহার প্রকাশ করিয়া এ বৎসর হজযাত্রীদের কিরূপ ব্যয় লাগিবে, তাহা সকলকে জানাইয়া দিয়াছেন। বোম্বাই বা করাচী বন্দর হইতে জাহাজে ডেকযাত্রী হইয়া এবং হজ্জের পথে উটে চড়িয়া যাইলে প্রায় ৫৮৫ টাকা ব্যয় পড়িবে এবং কলিকাতা হইতে জাহাজে চড়িলে ৬৪০ টাকা খরচ পড়িবে। যাত্রীরা যদি অধিকতর সুবিধাজনক যানে চড়িতে চাহেন বা অধিক ব্যয় করিয়া বাস করিতে চাহেন, তাহা হইলে তাঁহাদিগকে আরও অধিক টাকা ব্যয় করিতে হইবে। প্রত্যেক যাত্রী অন্ততঃ ৫৮৫ টাকা সংগ্রহ করিতে না পারিলে যেন মক্কা অভিমুখে যাত্রা না করেন। অনেক যাত্রী প্রায়ই আবশ্যক অর্থ সংগ্রহ না করিয়া জেদ্দায় যাইয়া উপস্থিত হন। তাঁহারা তথায় আবশ্যক টাকা না দিতে পারিয়া প্রায়ই বিপদগ্রস্ত হইয়া পড়েন। সেইজন্য যাত্রীদিগের প্রতি নিবেদন, তাঁহারা যেন আবশ্যক অর্থ সংগ্রহ না করিয়া যাত্রা না করেন। এবার গভর্ণমেণ্ট সকল খরচের তালিকাযুক্ত এক পুস্তিকা প্রকাশ করিয়াছেন ; তাহাতে সকল ব্যয়ের হিসাব দেওয়া হইয়াছে। হিসাব মত টাকা সংগ্রহ না করিতে পারিয়া যে কেহ মক্কা যাইবার চেষ্টা করিবেন, তাঁহাকে পথে বহু কষ্ট পাইতে হইবে।

---

## এরোপ্লেনে দুর্ঘটনা।

### গভর্ণরের মৃত্যু।

প্যারিসের সংবাদে প্রকাশ ফরাসী ইণ্ডো-চীনের গভর্ণর জেনারল এবং এরোপ্লেন বিভাগের আরও কয়জন প্রধান রাজকর্ম্মচারী ফরাসী এরোপ্লেন যোগে আসিতেছিলেন। এই এরোপ্লেনে অগ্নিকাণ্ড হয়। সকলেই অগ্নিদাহে প্রাণত্যাগ করিয়াছেন।

---

## "ভারতের কলঙ্ক"।

কালীকটের তটভূমিতে এক জনসভায় বক্তৃতাকালে মহাত্মাজী বলিয়াছেন, অস্পৃশ্যতা-রোগ মালবার অঞ্চলকে পঙ্গু করিয়া রাখিয়াছে। এই স্থান ভারতের কলঙ্কস্বরূপ। এই জনসভায় মহাত্মার হস্তে ৪৩৮৮ টাকার একটী তোড়া উপহার প্রদত্ত হইয়াছে।

---

## বিদ্যালয়ে অগ্নিকাণ্ড।

ত্রিপুরা ষ্টেটের মহকুমা বেলটোনিয়ায় উচ্চ ইংরাজী বিদ্যালয়ে অগ্নিকাণ্ড হওয়ায় বহু সহস্র টাকার ক্ষতি হইয়াছে। সৌভাগ্যের বিষয় অগ্নি চতুর্দ্দিকে ব্যাপ্ত হইতে পারে নাই।

---

## ভূমিকম্পে অনুকম্পা।

তেরশ চল্লিশ সাল মাঘের প্রথম
দিবসেতে ভূমিকম্প ঘটিল বিষম
প্রায় অর্দ্ধ-দ্বিঘটিকা দিবাতে সহসা
কাঁপিল ভারত ভূমি, হইল অবশা
বিহার প্রদেশে মহা ঘটিল প্রলয়
বহু নরনারী হত, ধ্বংস লোকালয়
প্রকৃতির নিদারুণ ধ্বংসলীলা ফলে
মুঙ্গের মজফরপুর আদি কত স্থলে
উচ্চ অট্টালিকা কত হ'লো ভূমিসাৎ
ধ্বংসস্তূপে পরিণত হ'লো অকস্মাৎ
আহত শোকার্ত্ত সবে মহা আর্ত্তনাদে
ভূমে গড়াগড়ি বক্ষ চাপড়িয়া কাঁদে
স্বামী, পুত্র পত্নীসহ বহু পরিবার
আচম্বিতে সমাধিস্থ সবে হাহাকার
কেন যে সহসা স্থিরা সর্ব্বংসহা ধরা
হইল অধীরা কেন হেন ভয়ঙ্করা
মূর্ত্তি ধরি কাঁপাইল বিশ্ব চরাচর
ভূধর কন্দর নদী নগরী নগর
বিদারী বসুধা বক্ষ গ্রাসি লোকালয়
অকস্মাৎ অভিনয় করিল প্রলয় ;
অভ্রান্ত সিদ্ধান্ত কেহ করিতে না পারে
দৈবশক্তি কাছে সর্ব্ব নরশক্তি হারে।
আসমুদ্র হিমাচল বিশাল ভূখণ্ড
কাঁপাল যে শক্তি তাহা কত যে প্রচণ্ড
বিশাল বিহার দেশ কম্পনের ফলে
মুহূর্ত্তেক মধ্যে যাহে দিল রসাতলে
সে শক্তি যে কত বড় কাহার প্রভাব
ভাব দেখি বৈজ্ঞানিক তাহার স্বভাব
কখন যে কি খেয়াল হয় তার মনে
কেন হয় ভাব দেখি সবে নিরজনে
পাবে না বিজ্ঞানে যুক্তি কোন সীমা তার।
বিধির বিচিত্র লীলা অতি চমৎকার।
প্রায় তিন ক্রোশ ব্যাপী বিশাল ভূভাগ
হরিহরছত্র স্থল করিয়া দ্বিভাগ
গণ্ডকীর বারি আসি গঙ্গাবারি সনে
মিলিল পাটলীপুত্রে এই ভূকম্পনে।
মজফরপুর পম্পে নগরীর মত
ভূমিকম্প ফলে হ'লো ধরাগর্ভগত
আরো কত অসম্ভব হ'লো সংঘটন
ভাবিলে শিহরে তনু ভয়েতে বদন
কার না বিহ্বল হয় কেবা রহে স্থির
হৃদকম্প নাহি হয় কেবা হেন বীর ?
বিজ্ঞানে যে পারে তত্ত্ব করুক বাহির
মাথা ঘামা বুদ্ধি তার করুক জাহির
এইমাত্র বুঝি আমি এইমাত্র জানি
সর্ব্বংসহা বসুন্ধরা ধরমের গ্লানি
সহিতে না পারি ক্রুদ্ধ বিরক্ত যখন
স্বভাব নিয়মে ঘটে ভূকম্প তখন
অনিত্য সংসারে কিছু নহে চিরস্থায়ী
প্রকৃতি স্বেচ্ছায় সবে মৃত্যুশয্যাশায়ী
করিবার তরে নিত্য করে নানা খেলা
কোথাও সংহার, কোথা সৃজনের মেলা
মাঝে মাঝে মানবের চৈতন্য করিতে
মানবের আত্মশ্লাঘা দম্ভ বিচূর্ণিতে
প্রকৃতি নিজের রুদ্র লীলা প্রকটন
করিয়া দেখায় কত মহা অঘটন।
পর্ব্বতে সমুদ্র করে সমুদ্রে ভূধর
লোকালয় গ্রাসি পূরে বুভুক্ষু উদর
বাড়বাগ্নি, কালানল দাবাগ্নি স্বরূপে
প্রলয় প্লাবন ঝঞ্ঝা মহামারীরূপে
অশনি সম্পাৎ আদি কত রুদ্রলীলা
দেখায় সে মাঝে মাঝে প্রকৃতি দুঃশীলা
অতীব দুরধিগম্য চরিত্র তাহার
ব্রহ্মাদি বুঝিতে নারে বুঝে সাধ্য কার
সর্ব্ব মূলাধার পুনঃ শান্তশীলারূপে
ভক্তিতে প্রসন্ন হলে অজ্ঞানান্ধ কূপে
সর্ব্বাপদে করে ত্রাণ সেই মহামায়া
মহাকাল মুকুরেতে পড়ি যার ছায়া
এ ধরণী সৃষ্টি হ'লো ওহে বন্ধুগণ
ত্রিসন্ধ্যা শ্রীপদ তাঁর করহে স্মরণ
পাপ বিনা দণ্ডভোগ নাহি হয় কভু
দণ্ডের মালিক যিনি সর্ব্বময় প্রভু
তাঁর পদে মাথা যেন রহে সদা পাতা
যা দিবে তা নিতে হবে, সর্ব্ব পিতামাতা
যা দিবে তো নিতে হবে সে গতি অন্যথা
কিছুতে হবে না সবে জে'নো সার কথা
ভূকম্প বিধ্বস্ত দেশে আমাদেরই মত
ঘর বাড়ী সুখ শান্তি ছিল সেথা কত
আমাদের ভাগ্যফলে বেঁচেছে সকল
আজ যারা গৃহহীন কৌপীন সম্বল
তাদের সাহায্য করা কর্ত্তব্য সবার
এই আছে এই নাই এই ত সংসার
ধন সঙ্গে আসে নাই ধন সঙ্গে কেহ
যাবে না অন্তিমে পড়ি রবে মৃতদেহ
দীনার্ত্তের সেবা করা সর্ব্বশ্রেষ্ঠ ধর্ম্ম
আর্ত্তত্রাণ জীবনের সুমহান কর্ম্ম
ক্ষণপূর্ব্ব রাজা এবে পথের ভিখারী
ধনের কিস্মত দেখ, হৃদয় বিদারী
এ দৃশ্য দেখিয়া যদি রবে উদাসীন
নিশ্চয় দারুণ পাপে হবে সবে লীন

তাই বলি ভাই সবে সমবেত বলে
বিপন্ন দীনার্ত্তগণে বাঁচাও সকলে
যে যা পার দাও ভাই দাও কিছু কিছু
ক'রোনা নজর নীচু হ'য়ো নাহে পিছু
একে ত দুরন্ত শীত তাহাতে আবার
গৃহ নাই বস্ত্র নাই নাহিক আহার
ক্ষুধার্ত্ত শীতার্ত্ত দুঃস্থ চিন্তা পরিম্লান
ধ্বংসস্তূপ মাঝে যারা নিশা অবসান
করিতেছে ভাব দেখি হেন দীনার্ত্তের
কি যন্ত্রণা দুর্ব্বিসহ শীতের রাত্রের
ক্ষণপরে কার ভাগ্যে কি দশা যে হবে
কে জানে কাহার ধন কোথা প'ড়ি রবে
তবে কেন এ ধনের মমতা করিয়া
না ক'রে আর্ত্তের ত্রাণ দাঁড়াবে সরিয়া
মনুষ্যত্ব মহত্বের দাও পরিচয়
ধন জন যৌবনই বা কার স্থায়ী রয়
সার্থক করহে ধন করি আর্ত্তত্রাণ
আর্ত্তসেবা মহাধর্ম্ম অতি সুমহান
সেবাধর্ম্মে আত্মপর জাতিভেদ নাই
যোগ্য পাত্রে দান তুল্য দান নাই ভাই।

শ্রীশরচ্চন্দ্র মুখোপাধ্যায়,
বালিঘাটা।

---


হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵১৫, ২০০ প্রতি ড্রাম ৵০ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয়ার্থ মজুত আছে।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ)
প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)

---

ছাদের জন্য
লোহার কড়ি
বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য
পত্র লিখুন।
নিরঞ্জন এণ্ড কোং
প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।

---

কলোনিয়াল কুইনাইন কোম্পানীর
"সি, কিউ, সি" কুইনাইন
ট্যাবলেট

ভারতের একমাত্র দেশীয় কুইনাইন প্রস্তুতের কারখানা।
কাঁচা মাল, পরিশ্রম, মূলধন সমস্তই ভারতের নিজস্ব। বিস্তারিত বিবরণ ও দরের জন্য পত্র লিখুন।
সোল ডিষ্ট্রীবিউটার—বসাক ফ্যাক্টরী ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।

---



ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য
সংরক্ষণের অভিনব
প্রসাধন দ্রব্য

রেডিয়ম স্নো

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্মতর আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্মজনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

শিশুদিগের কোমল চর্ম্মে
নিরাপদে ব্যবহার
করা যায়।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেণ্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।

---



স্বাস্থ্য ও শক্তি
অর্জ্জন করিতে
সুরবল্লী কষায়
সেবন করিতে আরম্ভ
করুন। সকল বয়সে
সকল ঋতুতে
ব্যবহার করা
যায়।
সেবনে কোন হাঙ্গামা নাই।
৫০ বৎসর পরীক্ষিত।

সুরবল্লী কষায়

সি, কে, সেন এণ্ড কোং লিঃ
২৯নং কলুটোলা ষ্ট্রীট কলিকাতা

